



ডাকসু আলোচিত সদস্য সর্বমিত্রের পদত্যাগ ঘোষণা



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) কার্যনির্বাহী সদস্য সর্বমিত্র চাকমা পদত্যাগের সিদ্ধান্ত জানিয়েছেন। সোমবার (২৬ জানুয়ারি) ফেসবুক পোস্টে তিনি এ ঘোষণা দেন।

পোস্টে তিনি বলেন, ক্যাম্পাস নিরাপদ করতে রেজিস্টার্ড রিকশা চালু, যানবাহন নিয়ন্ত্রণসহ বিভিন্ন প্রস্তাব দিয়েছেন। সেন্ট্রাল ফিল্ডে সিসি ক্যামেরা না থাকা, নারী শিক্ষার্থীদের হয়রানি, চুরি-ছিনতাই এবং বহিরাগত প্রবেশের অভিযোগের কথা তুলে ধরেন। এসব সামাল দিতে গিয়ে কঠোর পদক্ষেপ নিতে হয়েছে স্বীকার করে তিনি জানান, আইনগত সীমা অতিক্রমের অভিযোগ ও মানসিক চাপের কারণে দায়িত্ব চালিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না। সিদ্ধান্তটি ব্যক্তিগত, কারও প্ররোচনায় নয় বলেও উল্লেখ করেন।

উল্লেখ্য, সম্প্রতি সেন্ট্রাল ফিল্ডে কয়েকজন তরুণকে শাস্তি দেওয়ার একটি ভিডিও এবং উচ্ছেদ অভিযানের সময় এক বৃদ্ধকে ধমক দেওয়ার ছবি সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে, যা নিয়ে সমালোচনা তৈরি হয়।

LENS ASIA